

# চাহিদা শনাক্তকরণ\*

ভূমিকা: কোনো কমিউনিটিতে কোনো প্রকল্পের কাজ শুরু করার আগে আমাদেরকে প্রয়োজনগুলো শনাক্ত করা শুরু করতে হবে। প্রয়োজন শনাক্ত করা কখনো কখনো অআকর্ষক শেখার মতো সহজও হতে পারে, আবার কখনো সেক্ষেত্রে অদ্ভুত কিছু বাধার দেখাও পাওয়া যেতে পারে। এই কার্যক্রমের মাধ্যমে, আপনার কমিউনিটির সবচেয়ে জরুরি যে চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে আপনি সহায়তা করতে পারেন সেগুলোকে আপনি শনাক্ত করতে পারবেন।

## নেতৃত্ব এবং ভবিষ্যৎ গঠন বিষয়ক কার্যক্রম

### সময়

নিজস্ব গতিতে করা যাবে

### জটিলতা

মাঝারি

### সরঞ্জাম

কলম, কাগজ, সমাজের  
নেতৃস্থানীয় ব্যক্তি এবং  
সদস্য, দলবদ্ধভাবে কাজ  
করার মতো সঙ্গী,  
সহানুভূতি

\*এই কার্যক্রমটি লিমিটলেস  
প্রজেক্টের [ভিজানা টুপোর](#)  
সাথে যুক্ত ধারাবাহিক  
শিক্ষার পরবর্তী অংশ হিসাবে  
তৈরি করা হয়েছে।

### ধাপ ১

- সবাইকে জিজ্ঞাসা করুন। জরিপ করতে গুগোল ফর্ম বা কাগজের প্রশ্নপত্র ব্যবহার করতে পারেন। এটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

### ধাপ ২

- মূল কারণটি খুঁজে বের করুন। অর্থনৈতিক ক্ষেত্রে বহু চ্যালেঞ্জ রয়েছে এবং প্রতিটি চ্যালেঞ্জের পেছনে আলাদা আলাদা কারণ আছে। আপনাকে ৫টি 'কেন'-র উত্তর চাইতে হবে। আমরা এই সম্পর্কে পরে আরও আলোচনা করব।

### ধাপ ৩

- চেঞ্জমেকার হতে গেলে আপনাকে অবশ্যই সহানুভূতিশীল হতে হবে। এর অর্থ হল মূল কারণটি জানার পর আপনাকে এটি আপনার কমিউনিটির দৃষ্টিকোণ থেকে দেখতে হবে।

### ধাপ ৪

- আপনার কমিউনিটির সবার সাথে মিলে একত্রে কাজ করার মাধ্যমে এর সমাধান করুন।



# চাহিদা শনাক্তকরণ\*



## ভিজানা টুপোর উদাহরণ: ৫টি 'কেন'

আমরা এখানে ভিজানা টুপোর উদাহরণ দিচ্ছি। ভিজানা টুপো শুরু করার সময় আমি আমার সমাজে তরুণদের বেকারত্ব সমস্যার সমাধান করতে চেয়েছিলাম, তাই এর সমাধান করতে এবং মূল কারণ খুঁজে বের করতে আমি ৫টি 'কেন'-র পদ্ধতি প্রয়োগ করি।

(এই প্রশ্নগুলো আপনার পরিস্থিতি অনুযায়ী নিজের মতো করে পরিবর্তন করা যাবে)।

### সমস্যা: আমার সমাজে তরুণদের বেকারত্ব

- তরুণরা বেকার কেন?
  - কারণ আমার সমাজে তরুণদের কাজের দক্ষতা অর্জনের সুযোগ সীমিত।
- তরুণদের সঠিক দক্ষতা নেই কেন?
  - কারণ স্কুলে তাদেরকে এসব দক্ষতা শেখানো হয়নি।
- কেন তাদেরকে স্কুলে এই দক্ষতাগুলো শেখানো হয়নি?
  - কারণ আমাদের পাঠ্যক্রমে এটি নেই।
- কাজের দক্ষতা উন্নয়ন আমাদের পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত নয় কেন?
  - কারণ আমাদের সমাজে চাকরির সুযোগ সীমিত।
- আমাদের সমাজে চাকরির সুযোগ সীমিত কেন?
  - কারণ অর্থনৈতিক স্বনির্ভরতাকে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয় না।

### মূল কারণ: অর্থনৈতিক স্বনির্ভরতা নিয়ে প্রচারের অভাব

এই প্রশ্নগুলো আমাকে আমার প্রয়োজনীয় উত্তর খুঁজে পেতে সাহায্য করেছে। আমার এমন একটি উপায় খুঁজে বের করা দরকার ছিল যার মাধ্যমে তরুণরা-তরুণীরা চাকরির দক্ষতা উন্নয়নের সুযোগ সম্পর্কে সচেতন হয়ে ওঠার মধ্য দিয়ে আগে থেকেই তাদের অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের পথচলা শুরু করতে পারে।



# চাহিদা শনাক্তকরণ\*

## পরবর্তী ধাপসমূহ:

- আপনার পরিবারকে সবচেয়ে জরুরি অর্থনৈতিক সমস্যা সম্পর্কে জিজ্ঞাসা করুন। আপনার সমাজের সদস্যদেরও জিজ্ঞাসা করতে পারেন। আরও বেশি তথ্য জোগাড় করতে গুগোল ফর্ম ব্যবহার করতে পারেন।
- মূল কারণটি খুঁজে বের করুন। বোঝার সুবিধার্থে ও সহানুভূতিশীল হওয়ার জন্য ৫টি 'কেন'-র পদ্ধতি ব্যবহার করুন। অনেক সমস্যাই আমরা যেমন ভেবে থাকি তেমন হয় না।
- বন্ধুদের সাথে মিলে কাজ করুন। আপনার নিজের ও বন্ধুদের সব ক্ষমতার সদ্যবহার করে আপনি আরও বেশি অর্জন করতে পারবেন। একসাথে কাজ করলে আরও ভাল ফলাফল পাওয়া সম্ভব।
- সমাজের নেতৃস্থানীয়দের সাথে যোগাযোগ করুন। এঁদের মধ্যে আপনার মা-বাবা, স্কুলের প্রশাসক অথবা দীর্ঘদিন ধরে এই সমাজে বাস করছেন এবং এখানকার চ্যালেঞ্জগুলো সম্পর্কে জানেন এমন যে কেউই থাকতে পারেন। আপনি কোথায় সাহায্য করতে পারবেন তা বোঝার আগে যারা ইতিমধ্যেই এই ক্ষেত্রে কাজ করছে তাদের কাছ থেকে আপনাকে শিখতে হবে।
- আপনি যা খুঁজে পাচ্ছেন সব নোট করে রাখুন। সমাজের নেতৃস্থানীয়দের সাথে কথা বলে, কীভাবে সমস্যাগুলোকে বার বার চিহ্নিত করা হয়েছে তার ভিত্তিতে সেগুলোকে নানা শ্রেণীতে ভাগ করুন।
- প্রয়োজন চিহ্নিত করার সাথে সাথেই পরিবর্তন ঘটতে শুরু করে। অভাব কোথায় রয়েছে তা চিহ্নিত করার মাধ্যমে, আপনি ইতিমধ্যেই আপনার সমাজে বিদ্যমান সুযোগসুবিধার সাহায্যে চাহিদা পূরণের প্রথম ধাপ সম্পন্ন করেছেন।

